



DESCO
POWER IS YOURS

২২/বি, কবি ফররুখ সরণি, নিকুল-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯, বাংলাদেশ
ফোন : +৮৮ ০২ ৮৯০০১১০-১১, ৮৯০০৮২০-২৩, ফ্যাক্স : +৮৮ ০২ ৮৯০০১০০
ই-মেইল : info@desco.org.bd, mddesco@desco.org.bd
ওয়েবসাইট : www.desco.gov.bd, www.desco.org.bd




স্মারক নং-২৭.২৪.০০০০.০১৫.৯৯.০১৯.২২-

তারিখঃ ১ পৌষ ১৪২৯
16 December 2022

সদয় দৃষ্টি আকর্ষণ : সম্পাদক
সকল জাতীয় দৈনিক

ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো) লিমিটেড এর নিম্নোক্ত প্রেস বিজ্ঞপ্তিটি আপনার স্বনামধন্য পত্রিকায় প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

ধন্যবাদান্তে,


16-12-2022

মোঃ নূরুজ্জামান মোল্লা
ব্যবস্থাপক (এলএভজিএস)

ডেসকো'র উদ্যোগে মহান বিজয় দিবস-২০২২ উদযাপিত

মহান বিজয় দিবস-২০২২ উদযাপন উপলক্ষে ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো) লিমিটেড এর পক্ষ হতে ১৬ ডিসেম্বর প্রত্যুষে দি ফ্ল্যাগ রুলস ১৯৭২ অনুসরণপূর্বক জাতীয় পতাকা উত্তোলন করা হয়। জাতীয় পতাকা উত্তোলন শেষে ডেসকো'র প্রধান কার্যালয়ে স্থাপিত মুজিব কর্নারে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করা হয়। এ সময় মুক্তিযুদ্ধের সকল শহীদ, জাতির পিতা ও তাঁর পরিবারের শহীদ সদস্যদের আত্মার মাগফেরাত ও শান্তি কামনা এবং দেশের শান্তি ও সমৃদ্ধি কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

ডেসকো'র ব্যবস্থাপনা পরিচালক মোঃ কাওসার আমীর আলী, নির্বাহী পরিচালক (প্রশাসন ও এইচআর) খন্দকার জহিবুল ইসলাম, নির্বাহী পরিচালক (প্রকৌশল) জগদীশ চন্দ্র মন্ডল, নির্বাহী পরিচালক (সংগ্রহ) এ.কে.এম মহিউদ্দিন, নির্বাহী পরিচালক (অপারেশন) মোঃ জাকির হোসেনসহ ডেসকো'র উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং কর্মচারীগণ উক্ত সময় উপস্থিত ছিলেন।

এরপর ডেসকো'র ব্যবস্থাপনা পরিচালক মোঃ কাওসার আমীর আলী এবং ডেসকো'র উর্ধ্বতন কর্মকর্তাগণ বিদ্যুৎ বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাগণের সঙ্গে বিদ্যুৎ ভবনে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন।

সংযুক্তি : ছবি।